

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ২৩, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/ ১৮ মে ২০২৬

নং ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৪৯.১৯-১৭৩—গত ০৭ মে ২০২৬/২৪ বৈশাখ ১৪৩৩ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২০তম সভায় কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ১৮ (আঠারো) টি ইউনিয়নের মধ্য হতে ০৭(সাত)টি ইউনিয়ন এর সমন্বয়ে প্রস্তাবিত ‘মাতামুহুরী’ নামক উপজেলা গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উল্লিখিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [১৯৯৮ সনের ২৪ নং আইন (২০১১ পর্যন্ত সংশোধিত)] এর ৩(২) ধারার ক্ষমতাবলে সরকার কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার ০৭ (সাত)টি ইউনিয়ন, যথা: (১) সাহারবিল, (২) পূর্ব বড় ভেওলা, (৩) পশ্চিম বড় ভেওলা, (৪) ঢেমুশিয়া, (৫) কানাখালী, (৬) বদরখালী ও (৭) ভেওলা মানিক চর ইউনিয়নের এতদসংক্ষেপে সংযুক্ত তফসিলে বর্ণিত মৌজার নাম ও নম্বর এবং জে.এল নম্বরসমূহের সমন্বয়ে ‘মাতামুহুরী’ উপজেলা ঘোষণা করিল। নবসৃষ্ট ‘মাতামুহুরী’ উপজেলার সদর দপ্তর বেতুয়া মৌজায় বটতলী বাজারে স্থাপিত হইবে।

৩। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হেলেনা পারভীন

উপসচিব।

(১৮১৫৯)

মূল্য : টাকা ৪.০০

প্রস্তাবিত 'মাতামুহরী' উপজেলা গঠনের তফসিল

ক্রম	ইউনিয়ন/পৌরসভার নাম	মৌজার নাম ও নম্বর	জেএলনম্বর	বর্তমানে যে উপজেলার অন্তর্গত
০১	সাহারবিল	সাহারঘোনা [বি.এস]	৪৪	চকরিয়া উপজেলা
		রামপুর (দিয়ারা)	৪৭	
		কাহারিয়াঘোনা (আংশিক) [বি.এস]	৪৯	
০২	পূর্ব বড় ভেওলা	পূর্ব বড় ভেওলা (দিয়ারা)	৩৪	
		বেতুয়া (আংশিক) [বি.এস]	১৪	
০৩	পশ্চিম বড় ভেওলা	পশ্চিম বড় ভেওলা [বি.এস]	৪৬	
০৪	ঢেমুশিয়া	ঢেমুশিয়া [বি.এস]	১২	
০৫	কোনাখালী	কোনাখালীরঘোনা (আংশিক) [বি.এস]	১৩	
		বেতুয়া (আংশিক) [বি.এস]	১৪	
		ভেওলা মানিক চর (আংশিক) [বি.এস]	১৫	
০৬	বদরখালী	বদরখালীঘোনা [বি.এস]	৬৫	
০৭	ভেওলা মানিক চর	ভেওলা মানিক চর (আংশিক) [বি.এস]	১৫	
		বেতুয়া (আংশিক) [বি.এস]	১৪	

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
 মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
 ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd